বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং এসইসি/এনফোর্সমেন্ট/৩০০/২০০৫/ ৭২৭ তারিখঃ ০৯ মার্চ ২০১৬ ইং

আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 2(g) মোতাবেক কাশেম সিল্ক মিলস্ লিমিটেড 'issuer' হিসাবে অভিহিত (অতঃপর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, কাশেম সিল্ক মিলস লিমিটেড উহার ৩০ সেপ্টেম্বর ২০১৪ ইং এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরনী এবং ৩১ মার্চ ২০১৪ ইং এ সমাপ্ত অর্ধবার্ষিক হিসাব বিবরনী Securities and Exchange Rules, 1987 এর rule 12, sub-rule (3A) এবং rule 13, মোতাবেক প্রস্তুতপূর্বক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত), স্টক এক্সচেঞ্জ ও শেয়ার হোল্ডারদের নিকট ১৩৪ দিন ও ১মাস এর মধ্যে দাখিল করতে বাধ্য যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, উক্ত Ordinance এর section 2CC এর অধীন জারীকৃত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৮-১৮৩/এডমিন/০৩-৩৪ তারিখ ২৭ সেপ্টেম্বর ২০০৯ ইং এর (2) অনুচ্ছেদে উল্লিখিত শর্তানুসারে কাশেম সিল্ক মিলস্ লিমিটেড উহার ৩১ ডিসেম্বর ২০১৫ ইং এ সমাপ্ত ত্রৈ-মাসিক হিসাব বিবরনী প্রস্তুতপূর্বক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত) ও স্টক এক্সচেঞ্জে সর্বশেষ ১৪ ফেব্রুয়ারী ,২০১৫ ইং এর মধ্যে দাখিল করতে বাধ্য যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, কমিশন কর্তৃক উক্ত ব্যর্থতার জন্য আলোচ্য ইস্যুয়ার, উহার ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য পরিচালকগণসহ উহার কোম্পানী সচিবকে ৫ নভেম্বর, ২০১৫ ইং তারিখের পত্র সূত্র নং এসইসি/এনফোর্সমেন্ট/৩০০/২০০৫/৩৭৮ স্মারকমূলে Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন নির্ধারিত তারিখে উক্তরুপ ব্যর্থতার কারণ প্রদর্শনসহ শুনানীতে উপস্থিত হতে বলা হয়, সংশ্লিষ্টরা উক্ত শুনানীতে ৩০ ডিসেম্বর , ২০১৫ উপস্থিত হন;

যেহেতু, কাশেম সিল্ক মিলস লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানী এবং উহার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানীর প্রতিনিধিত্বকারী যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনের জন্য দায়ী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানীতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত, কিন্তু ইস্যুয়ার কর্তৃক হিসাব বিবরণী দাখিল না করার ফলে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুন্ন হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানীতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃঙ্খলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, উক্ত ইস্যুয়ার একটি পাবলিক লিমিটেড কোম্পানী, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানীর প্রতিনিধিত্বকারী তারা প্রত্যেকে উল্লিখিত কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

নং এসইসি/এনফোর্সমেন্ট/৩০০/২০০৫/ ১২৭ তারিখঃ ৩১ মার্চ ২০১৬ ইং

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ারের পরিচালকগণের প্রত্যেককে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন; এবং

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলেঃ

(১) কাশেম সিল্ক মিলস্ লিমিটেড এর চেয়ারম্যান জনাব, এ কে এম মাইদুল ইসলাম এর উপর ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে ' বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

(২) এ আদেশ জারীর তারিখ হতে উপরে উল্লিখিত সিকিউরিটিজ সম্পর্কিত বিধি-বিধান (অর্থাৎ হিসাব বিবরনী কমিশন এবং স্টক এক্সচেঞ্জে দাখিলকরন) পরিপালনে ব্যর্থতা অব্যাহত থাকলে উক্ত ব্যর্থতা অব্যাহত থাকাকালীন উক্ত ইস্যুয়ারের চেয়ারম্যান জনাব, এ কে এম মাইদুল ইসলাম এর উপর প্রতিদিনের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে অতিরিক্ত জরিমানাও ধার্য্য করল, যা উপরে (১) এ উল্লিখিত পদ্ধতিতে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-

31/3/16

মোঃ আঃ সালাম সিকদার
কমিশনার

বিতরণঃ

জনাব, এ কে এম মাইদুল ইসলাম, চেয়ারম্যান, কাশেম সিল্ক মিলস্ লিমিটেড

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং এসইসি/এনফোর্সমেন্ট/৩০০/২০০৫/১২৮ তারিখঃ ৩১ মার্চ ২০১৬ ইং

আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 2(g) মোতাবেক কাশেম সিল্ক মিলস্ লিমিটেড 'issuer' হিসাবে অভিহিত (অতঃপর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, কাশেম সিল্ক মিলস লিমিটেড উহার ৩০ সেপ্টেম্বর ২০১৪ ইং এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরনী এবং ৩১ মার্চ ২০১৪ ইং এ সমাপ্ত অর্ধবার্ষিক হিসাব বিবরনী Securities and Exchange Rules, 1987 এর rule 12, sub-rule (3A) এবং rule 13, মোতাবেক প্রস্তুতপূর্বক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত), স্টক এক্সচেঞ্জ ও শেয়ার হোল্ডারদের নিকট ১৩৪ দিন ও ১মাস এর মধ্যে দাখিল করতে বাধ্য যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, উক্ত Ordinance এর section 2CC এর অধীন জারীকৃত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৮-১৮৩/এডমিন/০৩-৩৪ তারিখ ২৭ সেপ্টেম্বর ২০০৯ ইং এর (2) অনুচ্ছেদে উল্লিখিত শর্তানুসারে কাশেম সিল্ক মিলস্ লিমিটেড উহার ৩১ ডিসেম্বর ২০১৫ ইং এ সমাপ্ত ত্রৈ-মাসিক হিসাব বিবরনী প্রস্তুতপূর্বক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত) ও স্টক এক্সচেঞ্জে সর্বশেষ ১৪ ফেব্রুয়ারী ,২০১৫ ইং এর মধ্যে দাখিল করতে বাধ্য যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, কমিশন কর্তৃক উক্ত ব্যর্থতার জন্য আলোচ্য ইস্যুয়ার, উহার ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য পরিচালকগণসহ উহার কোম্পানী সচিবকে ৫ নভেম্বর, ২০১৫ ইং তারিখের পত্র সূত্র নং এসইসি/এনফোর্সমেন্ট/৩০০/২০০৫/৩৭৮ স্মারকমূলে Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন নির্ধারিত তারিখে উক্তরুপ ব্যর্থতার কারণ প্রদর্শনসহ শুনানীতে উপস্থিত হতে বলা হয়, সংশ্লিষ্টরা উক্ত শুনানীতে ৩০ ডিসেম্বর , ২০১৫ উপস্থিত হন;

যেহেতু, কাশেম সিল্ক মিলস লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানী এবং উহার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানীর প্রতিনিধিত্বকারী যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনের জন্য দায়ী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানীতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত, কিন্তু ইস্যুয়ার কর্তৃক হিসাব বিবরণী দাখিল না করার ফলে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুন্ন হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানীতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃঙ্খলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, উক্ত ইস্যুয়ার একটি পাবলিক লিমিটেড কোম্পানী, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানীর প্রতিনিধিত্বকারী তারা প্রত্যেকে উল্লিখিত কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং এসইসি/এনফোর্সমেন্ট/৩০০/২০০৫/ ১২৮

তারিখঃ ৩১ মার্চ ২০১৬ ইং

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ারের পরিচালকগণের প্রত্যেককে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন; এবং

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলেঃ

(১) কাশেম সিল্ক মিলস্ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাবা খাদিজা শামীম এর উপর ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে ' বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

(২) এ আদেশ জারীর তারিখ হতে উপরে উল্লিখিত সিকিউরিটিজ সম্পর্কিত বিধি-বিধান (অর্থাৎ হিসাব বিবরনী কমিশন এবং স্টক এক্সচেঞ্জে দাখিলকরন) পরিপালনে ব্যর্থতা অব্যাহত থাকলে উক্ত ব্যর্থতা অব্যাহত থাকাকালীন উক্ত ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক জনাবা খাদিজা শামীম এর উপর প্রতিদিনের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে অতিরিক্ত জরিমানাও ধার্য্য করল, যা উপরে (১) এ উল্লিখিত পদ্ধতিতে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-

31/3/16

মোঃ আঃ সালাম সিকদার
কমিশনার

বিতরণঃ
জনাবা খাদিজা শামীম, ব্যবস্থাপনা পরিচালক, কাশেম সিল্ক মিলস্ লিমিটেড